

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৮.০০০৯.২৫.৮৮০

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬


বিষয়: শিক্ষা ছুটিতে (প্রেষণে) থাকাকালীন শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা সংক্রান্ত আবেদন না-মঞ্জুর প্রসঙ্গে।

সূত্র: (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ বাস্তবায়ন ও প্রবিধি অনুভাগ প্রবিধি-৩ শাখা এর ২৯/১২/২০০৫ খ্রি. তারিখের অম/অবি/প্রবিধি-৩/ছুটি-১/২০০২/১০২ নং স্মারক
(২) হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় হিসাব ভবন সেগুনবাগিচা, ঢাকা এর গত ২২.০৯.২০২৫ তারিখের ০৭.০৩.০০০০.০০৯.৩৭.১৮৪.২৩-৩৪১ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব মোঃ সিকান্দার জুলকার নাইন City St George's University of London-এ PhD in Law কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষা ছুটিতে (প্রেষণে) থাকাকালীন বিগত ০৮.০৭.২০২৩ তারিখ এ বিভাগে শ্রান্তি বিনোদন ছুটির আবেদন করেন। তিনি শিক্ষা ছুটি শেষে ২৩.১২.২০২৫ তারিখ অত্র বিভাগে যোগদান করেন। যোগদানের পর তিনি বিগত ২০২৩ সালের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্তির আবেদন নিষ্পত্তির জন্য ২২.০৬.২০২৬ তারিখ আবেদন করেন।

এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক শিক্ষা ছুটিকে প্রেষণ হিসেবে গণ্য করায় শিক্ষা ছুটিতে থাকাকালীন সময়ের জন্য পৃথকভাবে শ্রান্তি ও বিনোদন ছুটি গ্রহণের সুযোগ নেই। তাছাড়া প্রচলিত বিধি অনুযায়ী শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্যতা অর্জিত হওয়ার সাথে যুগপৎভাবে ছুটি মঞ্জুরী ও ছুটি গ্রহণের বিষয়টি সম্পর্কিত। তদকারণে ভূতাপেক্ষভাবে শ্রান্তি ও বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরের সুযোগ নেই।

এমতাবস্থায়, উপরোক্ত বিধি মোতাবেক বর্ণিত কর্মকর্তার শিক্ষা ছুটিতে (প্রেষণে) থাকাকালীন ২০২৩ সালের প্রাপ্য শ্রান্তি বিনোদন ছুটিসহ ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্তির আবেদন না-মঞ্জুর করা হলো।


(মোঃ সাইফুজ্জামান)

সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫)

ফোন: ২২৩৩৫৭৪২০


section5@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৮.০০০৯.২৫.৮৮০/১(১০)

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ।
২. জনাব মোঃ সিকান্দার জুলকার নাইন, সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) আইন ও বিচার বিভাগ
৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, আইন ও বিচার বিভাগ।
৬. অফিস কপি।


(মোঃ সাইফুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব